গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
এসডিজি সেল
www.sid.gov.bd

নং: ৫২.০০.০০০০.০২৮.০৫.০২৯.১৯ (অংশ-০২).৫১

তারিখ: ২৪ চৈত্র ১৪২৮ / ০৭ এপ্রিল ২০২২

**বিষয়: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)'র চতুর্দশ সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ৩১/০৩/২০২২ তারিখ অনুষ্ঠিত জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC)'র চতুর্দশ সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী ০২ (দুই) পাতা।

০৭/৪/২০২২


ড. দিপংকর রায়
উপসচিব
ফোন: ৫৫০০৭০৭১
ই-মেইল: dr.roy.rd@gmail.com


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- কার্যার্থে/জ্ঞাতার্থে):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) সেগুনবাগিচা, ঢাকা।
১১. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
১২. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
১৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১-মতিঝিল বা/এ, ঢাকা।
২২. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব (দায়িত্ব প্রাপ্ত), আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিটিআরসি), রমনা, ঢাকা ।
৩৩. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/ উন্নয়ন/ প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩৪. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), ঢাকা।
৩৫. মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
৩৬. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭, আগারগাঁও, ঢাকা-১২০৭ ।
৩৭. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশি, নীলক্ষেত, ঢাকা।
৩৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩৯. মহাপরিচালক (খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট-FPMU), খাদ্য মন্ত্রণালয়, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪০. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪১. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪২. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ই-১৬, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
৪৩. জনাব মোহা. মনিরুল ইসলাম, যুগ্মসচিব, (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪৪. প্রকল্প পরিচালক, এটুআই (a2i) প্রোগ্রাম, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
৪৫. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
৪৬. পরিচালক, ইনস্টিটিউট অব স্ট্যাটিসটিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।
৪৭. ড. সৈয়দ শাহাদাত হোসেন, অধ্যাপক, ইনস্টিটিউট অফ স্ট্যাটিস্টিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।
৪৮. পরিচালক, সেন্সাস উইং ও সদস্য-সচিব, জরিপ/শুমারি প্রস্তাব পরীক্ষা, অনুমোদন ও পরিবীক্ষণ কমিটি, বিবিএস, ঢাকা।
৪৯. নির্বাহী পরিচালক, সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) বাড়ী #৬/২ (৮ম তলা) এফ ব্লক, কাজী নজরুল ইসলাম রোড, লালমাটিয়া, হাউজিং এস্টেট, ঢাকা-১২০৭।
৫০. চেয়ারম্যান, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল সি/এ, ঢাকা।
৫১. প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমেপ্লক্স, হাউজ#৭/৭এ, সেক্টর#১৭, ব্লক# H-1, উত্তরা, ঢাকা ১২৩০।
৫২. প্রেসিডেন্ট, বাংলাদেশ নিটওয়্যার্স ম্যানুফেকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্ল্যানার্স টাওয়ার (৫মতলা), ১৩/এ, সোনারগাঁ রোড, বাংলা মোটর, ঢাকা।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. প্রকল্প পরিচালক, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস, ঢাকা।
০৩. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪. প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. অফিস কপি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
এসডিজি সেল
www.sid.gov.bd

**বিষয়: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)'র চতুর্দশ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| তারিখ ও সময় | : | ৩১/০৩/২০২২ খ্রি. (বৃহস্পতিবার), বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | : | বিবিএস কনফারেন্স রুম, গ্রাউন্ড ফ্লোর, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'- তে দেখানো হলো। |

**২.০ উপস্থাপনা ও আলোচনা:**

২.১ সভাপতি শুরুতেই সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC)'র সার্বিক কার্যক্রমের বিষয়ে আলোকপাত করে সূচনা বক্তব্য প্রদান করেন। পরবর্তীতে সভাপতির নির্দেশে ড. দিপংকর রায়, উপসচিব (এসডিজি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, আজকের এ সভায় বিগত ১৩শ সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনাসহ মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা দায়িত্বপ্রাপ্ত ২৩১টি এসডিজি সূচকের অগ্রগতি পর্যালোচনা; United Nations Statistical Commission (UNSC)-এর 53rd সেশনের সিদ্ধান্তসমূহ অবহিতকরণ; বিষয়ভিত্তিক কারিগরি কমিটির সুপারিশসমূহ উপস্থাপন ও পর্যালোচনাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদি আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ আবশ্যক। এ পর্যায়ে পরিচিতি পর্ব শেষে সভাপতির অনুমতিক্রমে জনাব আকলিমা খাতুন, উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত উপস্থাপন করেন।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.২ | সভায় জানানো হয় যে, এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানে যাতে কোন শূন্যতা তৈরি না হয় সে বিষয়টি লক্ষ্য রেখে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় একজন উপাত্ত (Data) প্রদানকারী এবং অনুমোদনকারীর পাশাপাশি বিকল্প উপাত্ত (Data) প্রদানকারী এবং অনুমোদনকারী নিয়োজিত করতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে অনুরোধ করে বিগত ২৭ জানুয়ারি, ২০২২ তারিখে এ বিভাগ হতে পত্র প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে ১০ টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে কার্যক্রম গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করা হয়েছে। এ বিষয়ে পুনরায় তাগিদ পত্র প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা বরাবর তাগিদপত্র প্রদান করতে হবে। | ডাটা প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা এবং এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ২.৩ | মুক্তপাঠ প্লাটফর্মে এসডিজি বিষয়ক প্রশিক্ষণের ভিডিও টিউটোরিয়াল আপলোড করার বিষয়ে প্রতিনিধি, এটুআই (a2i) প্রকল্প জানান যে, মুক্তপাঠ টিম-এর সাথে এসডিজি সেল, বিবিএস-এর মধ্যে সংযোগ স্থাপন করে দেওয়া হয়েছে। মুক্তপাঠ টিম এবং এসডিজি সেল, বিবিএস-এর মধ্যে সভাও অনুষ্ঠিত হয়েছে। এটুআই প্রতিনিধি আরো জানান যে, মুক্তপাঠ টিম কর্তৃক পূর্বে প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টসমূহ এসডিজি সেল, বিবিএসকে পাঠানো হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন যে, প্রকল্প পরিচালক, এটুআই (a2i)-এর আগ্রহের প্রেক্ষিতেই | যেসব মডিউল নির্মাণ সম্পন্ন হয়েছে, মুক্তপাঠ প্লাটফর্মে সেসব কনটেন্টস আগামী ১ মাসের মধ্যে আপলোড করতে হবে। অবশিষ্ট কনটেন্টসসমূহ হালনাগাদ/সম্পন্নকরণের উদ্যোগ নিতে হবে। | এটুআই (a2i) প্রোগ্রাম |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | মুক্তপাঠ প্লাটফর্মে এসডিজি বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি নির্দেশনা প্রদান করেন যে, যেসব মডিউল নির্মাণ সম্পন্ন হয়েছে, মুক্তপাঠ প্লাটফর্মে সেসব কনটেন্টস আগামী ১ মাসের মধ্যে আপলোড করতে হবে। অবশিষ্ট কনটেন্টসসমূহ হালনাগাদ/সম্পন্নকরণের উদ্যোগ নিতে হবে। | | |
| ২.৪ | সভায় জানানো হয় যে, বাংলাদেশের জন্য প্রযোজ্য ২৪টি আন্তর্জাতিক সূচকের ৫৩৭টি ইন্ডিকেটর সমূহের Action Ministry এবং Data Provider নির্ধারণসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করার জন্য গত সভার সিদ্ধান্ত ছিল। এ প্রেক্ষিতে সভায় এটুআই (a2i) প্রতিনিধি জানান, আন্তর্জাতিক সূচকসমূহের বিষয়ে গত ২৭ ডিসেম্বর ২০২১ তারিখে শিক্ষা এবং স্বাস্থ্য বিষয়ক, ৫ই মার্চ ২০২২ তারিখে আর্থ-সামাজিক, আইসিটি, অপরাধ সুশাসন ও স্বচ্ছতা এবং পরিবেশ ও জলবায়ু, ২৮ মার্চ ২০২২ তারিখে অর্থনীতি এবং শিল্প ও শ্রম বিষয়ক মোট ০৮টি থিমেটিক এরিয়ার উপর কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালার বিভিন্ন ফাইন্ডিংস থেকে প্রতীয়মান হয় যে, শুধু থিমেটিক এরিয়াভিত্তিকই নয়, কিছু কিছু নির্দিষ্ট সূচক ধরে কর্মশালা মাধ্যমে বিষয়টিকে আরো বেশি পর্যালোচনা করা প্রয়োজন। সভাপতি বলেন, প্রয়োজনে ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে সূচক ধরে ধরে ব্যাপক পর্যালোচনা করতে হবে। তবে এ পর্যন্ত যতটুকু কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেটি সংকলনপূর্বক লিখিত প্রতিবেদন এ কমিটিকে প্রেরণ করতে হবে এবং আগামী সভায় সূচকসমূহের Rankingসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | এ পর্যন্ত যতটুকু কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেটি সংকলনপূর্বক লিখিত প্রতিবেদন এ কমিটিকে প্রেরণ করতে হবে এবং আগামী সভায় সূচকসমূহের Rankingসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | বাস্তবায়নে: এটুআই (a2i) প্রোগ্রাম<br>সহযোগিতায়: এসডিজি সেল, বিবিএস। |
| ২.৫ | NPT-24 (শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা)-এর পরিবর্তে 'শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা (উপজেলা ও ইউনিয়ন সড়ক)'-এর বিষয়ে সভায় জানানো হয় যে, "আর্থ-সামাজিক" বিষয়ক কারিগরি কমিটির সভায় NPT-24-এর বিষয়ে আলোচনা হয়েছে। এছাড়া, শুধুমাত্র NPT-24-এর বিষয়ে LGD-এবং এর আওতাধীন দপ্তরের সাথে আলাদা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ বলেন যে, বাস্তবায়নযোগ্য করার জন্য সূচকটিকে দুইটি ভাগে ভাগ বিভক্ত করা যেতে পারে: ক) শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা (উপজেলা ও ইউনিয়ন সড়ক) এবং খ) শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা (গ্রাম সড়ক)। এভাবে বিভক্ত করা হলে ক-অংশে টার্গেট অর্জন করা সম্ভব এবং খ-অংশে নতুন একটি যৌক্তিক টার্গেট নির্ধারণ করা যেতে পারে। সভাপতি বলেন যে, ২০১৬ সালকে বেইজলাইন ধরে পরবর্তী বছরগুলোর জন্য ক্যালকুলেশন করে দেখতে হবে এবং কারিগরি কমিটির সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | NPT-24 (শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা) "আর্থসামাজিক" বিষয়ক কারিগরি কমিটিতে পুনরায় আলোচনার প্রেক্ষিতে প্রদত্ত সুপারিশ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), এসআইডি, পরিচালক, সেন্সাস উইং, বিবিএস এবং এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ। |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.৬ | অগ্রাধিকার লক্ষ্যমাত্রা/সূচক +১ এর সূচকসমূহের চূড়ান্তকরণের বিষয়ে সভায় জানানো হয় যে, পরিমার্জিত চূড়ান্তকৃত সূচকসমূহের তালিকা প্রেরণের পাশাপাশি মাঠ পর্যায়ে উক্ত সূচকসমূহের লিড/কো-লিড দপ্তরসমূহ চিহ্নিতকরণের উদ্যোগ গ্রহণের জন্য সাধারণ অর্থনীতি বিভাগ বরাবর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) হতে ১১ জানুয়ারি ২০২২ তারিখে জিইডি-তে পত্র প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি এবিষয়ক অগ্রগতি জানতে চান। জবাবে প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ বলেন যে, দশটি উপজেলায় +১ এর স্থানীয়করণের জন্য পাইলটিং করা হবে। তিনি আরও বলেন যে, ৩৯টি এসডিজি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার রিপোর্টিং কিভাবে হবে সেটিও নির্ধারণ করা প্রয়োজন। সভাপতি বলেন যে, ৩৯টি এসডিজি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার রিপোর্টিং কিভাবে করা যায় সেটির বিষয়ে ৩৯টি এসডিজি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নিয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে। এছাড়া, +১ এর স্থানীয়করণের বিষয়গুলো নিয়মিত ফলোআপ করতে হবে। | ক) ৩৯টি এসডিজি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার রিপোর্টিং কিভাবে করা যায় সেটির বিষয়ে ৩৯টি এসডিজি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নিয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে।<br><br>খ) +১ এর স্থানীয়করণের বিষয়গুলো নিয়মিত ফলোআপ করতে হবে। | এসডিজি সেল, এসআইডি, এসডিজি সেল, বিবিএস এবং এটুআই (a2i) প্রোগ্রাম।<br><br>খ) এসডিজি সেল, বিবিএস। |
| ২.৭ | সভাকে জানানো হয় যে, ত্রয়োদশ সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ১৫ জানুয়ারি, ২০২২ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও এর অধীনস্থ ৩ টি সংস্থা; পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এর অধীনস্থ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-কে নিয়ে এসডিজি উপাত্ত প্রাপ্যতা বিষয়ক দ্বিপাক্ষিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, দ্বিপাক্ষিক মতবিনিময় সভা অনুষ্ঠানের জন্য প্রাথমিকভাবে ১০টি মন্ত্রণালয়কে_চিহ্নিত করা হয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা দ্বিপাক্ষিক মতবিনিময় সভার আয়োজন করা হবে।<br><br>সভাপতি বলেন যে, মতবিনিময় সভা আয়োজনের পাশাপাশি যেসব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা তাদের দায়িত্বপ্রাপ্ত সূচকের ডাটা প্রদান করেনি বা যাদের বেজলাইন ডাটা আছে কিন্তু হালনাগাদ ডাটা প্রদান করতে পারছে না তাদেরকে বিবিএস হতে আলাদা আলাদা পত্র প্রদান করতে হবে।<br><br>সভার এ পর্যায়ে জানানো হয় যে, গত ২২.০৩.২০২২ তারিখ থেকে শুরু করে ২৯.০৩.২০২২ তারিখ পর্যন্ত ০৯টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে, জনাব রেজাউল আযম ফারুকী, অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং জনাব মোঃ শাহাবুদ্দিন খান, অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের সভাপতি হিসেবে | ক) চিহ্নিত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসহ পর্যায়ক্রমে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নিয়ে দ্বিপাক্ষিক মতবিনিময় সভার আয়োজন করতে হবে।<br><br>খ)যেসব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা তাদের দায়িত্বপ্রাপ্ত সূচকের ডাটা প্রদান করেনি কিংবা যাদের বেজলাইন ডাটা আছে কিন্তু হালনাগাদ ডাটা প্রদান করেনি, তাদেরকে বিবিএস হতে পৃথক পত্র প্রদান করতে হবে। | ক) এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এসডিজি সেল, বিবিএস।<br><br>খ) এসডিজি সেল, বিবিএস |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | কারিগরি কমিটিসমূহের বিভিন্ন সভায় গৃহীত বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত যেমন: SDG data availability status template-এর ডাটা প্রদানের টাইমলাইন হালনাগাদকরণ, মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক দ্রুত এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদান, এসডিজি ডাটা প্রাপ্তির লক্ষ্যে বিবিএস-এর বিভিন্ন শুমারি ও জরিপ দ্রুত সম্পন্ন করা, এসডিজি অগ্রাধিকার লক্ষ্যমাত্রা (NPT) ইত্যাদি বিষয়ে আলোকপাত করেন। | | |

৩.০ এপর্যায়ে সভাপতি সকলকে আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করায় আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিদের আবারও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬.০৪.০২২

ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব